দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 JUN 2016
পৃষ্ঠা ৭ ৩ কলাম ৩

# মুক্তাগাছায় খোলা আকাশের নীচে চলছে পাঠদান

■ মুক্তাগাছা (ময়মনসিংহ) সংবাদদাতা

ময়মনসিংহের মুক্তাগাছায় কাশিমপুর ইউনিয়নের ঝনকা বাজার উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এখন নানা সমস্যায় জর্জরিত। পরিত্যক্ত ভবন ও খোলা আকাশের নিচে চলছে পাঠদান। বিদ্যালয়টি ১৯২৬ সালে প্রতিষ্ঠিত হওয়ার পরেও কাঙ্ক্ষিত অবকাঠামোগত উন্নয়ন হয়নি। খুব অল্প সময়ে বিদ্যালয়টির লেখাপড়ার সুনাম ছড়িয়ে পড়েছে। প্রতিবছর শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই, উপবৃত্তি, গরিব মেধাবীদের বৃত্তি প্রদান করা হয়। এছাড়াও বিদ্যালয়ের শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক বিকাশ, আধুনিক ও বিজ্ঞানভিত্তিক পাঠদানের সুব্যবস্থা রয়েছে।

স্কুলে স্বল্প পরিসরে একটি পাঠাগার রয়েছে। এতকিছুর পরও নানা প্রতিবন্ধতাকে সামাল দিয়ে চলছিল বিদ্যালয়টি। কিন্তু গত ২৫ মে আরেকটি বাধা হয়ে দাঁড়িয়েছে প্রাকৃতিক ঝড়। রাতে ঝড়ের কবলে পড়ে বিদ্যালয়টি। ক্ষতিগ্রস্ত হয় স্কুল ভবন। শ্রেণিকক্ষের চাল, রোয়া-সারক, চেয়ার, টেবিল ভেঙে গেছে। শ্রেণিকক্ষ সংকটে খোলা আকাশের নিচে শিক্ষক-শিক্ষার্থীরা পাঠদান ও পাঠ গ্রহণে বাধ্য হচ্ছেন। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো: আবুল কালাম জানান, অর্ধ-বার্ষিক পরীক্ষা সন্নিকটে। শ্রেণিকক্ষের অভাবে পাঠদান ব্যাহত হচ্ছে। প্রধান শিক্ষক মনোরঞ্জন পণ্ডিত জানান, বিদ্যালয়ের শ্রেণিকক্ষ সংস্কারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।